দৈনিক বাংলা

তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 12 JUN 1989
পৃষ্ঠা 5 কলাম 7

৩৭

# বিএম কলেজের ছাত্রীনিবাস

বরিশালের ঐতিহ্যবাহী বি এম কলেজের ছাত্রী নিবাস না থাকায় অতীতে এখানকার বহু ছাত্রী শিক্ষা লাভে বঞ্চিত হয়েছে। বহু দিনের দাবীর প্রেক্ষিতে কিছুদিন পূর্বে একটি মনোরম ছাত্রী নিবাস তৈরী করা হয়েছে। কিন্তু স্থান নির্বাচনে কর্তৃপক্ষ যে অদূরদর্শিতার পরিচয় দিয়েছেন তা সকলকে বিস্মিত করেছে। উল্লেখ্য কলেজের পশ্চিম পার্শ্বে নথুল্লাবাদের একটি জায়গায় হোস্টেলটি তৈরী করা হয়েছে। কিন্তু এই জায়গাটি মোটেই নিরাপদ নয়। নথুল্লাবাদ, কাউনিয়া, বৌদ্ধপাড়া ও নথুল্লাবাদ বাসস্ট্যান্ডের সকল গুন্ডা, বদমাশ মদখোর ও বখাটেদের আড্ডার কেন্দ্রস্থল হল নথুল্লাবাদ অর্থাৎ যেখানে হোস্টেলটি তৈরী করা হয়েছে। এইসব গুন্ডা বদমাশ ও বখাটেদের ভয়ে এলাকার মেয়েরা সব সময় শংকিত থাকে। এ স্থানে নির্মিত ছাত্রী নিবাসে গ্রাম থেকে আসা মেয়েরা কিছুতেই স্বাচ্ছন্দ্য ও নিরাপদ বোধ করতে পারে না। যে কোন সচেতন ব্যক্তিই এটা উপলব্ধি করতে পারবেন এবং বরিশাল শহরবাসীরা তা উপলব্ধি করছেনও। কিন্তু কর্তৃপক্ষ তা উপলব্ধি করলেন না এবং ছাত্রী নিবাস নির্মাণের মত এত গুরুত্ব ও দায়িত্বপূর্ণ একটি কাজ হাতে নেয়ার আগে ছাত্রীদের নিরাপত্তার দিকটা ভেবে দেখলেন না এটা আশ্চর্য। প্রশ্ন হলো: কলেজের ভেতর এত জায়গা থাকতেও সেখানে ছাত্রীনিবাস না করে কেন ছাত্রীদের ঐ নিরাপত্তাহীন জায়গায় থাকতে দেয়া হলো? কর্তৃপক্ষ কি তাদের নিরাপত্তার নিশ্চয়তা দিতে পারবেন? লক্ষ লক্ষ টাকা ব্যয় করে কর্তৃপক্ষ কোন যুক্তিতে ঐ স্থানটি মেয়েদের থাকার উপযুক্ত বলে মনে করলেন? এই দায়িত্বহীনতার খেসারত কে দেবে?

—আসাদ রানা ঝমর
পুনিয়াউট, বি-বাড়িয়া-৩৪০০